গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ৪১ সেগুনবাগিচা, ঢাকা

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহনে সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ মহাপরিচালক
সভার তারিখ	২৩ ফেব্রুয়ারি, ২০২২খ্রি
সভার সময়	বেলা ১১.০০ টা
স্থান	অধিদপ্তরের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-‘‘ক’’ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন জনপ্রশাসনে দায়বদ্ধতা বৃদ্ধি ও সরকারি সেবা প্রদান সংক্রান্তে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার বিষয়টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ১.৩-এ অন্তর্ভূক্ত করা হয়েছে। তিনি বলেন দেশে সুশাসন প্রতিষ্ঠা করে প্রান্তিক জনসাধারণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার নিমিত্ত বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে সকলকে সমন্বিতভাবে কাজ করার আহবান জানান।

২। অত:পর সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব কাজী আবেদ হোসেন, পরিচালক, (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন। তিনি বলেন অধিদপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী নাগরিক সেবা প্রদান বাস্তবায়িত হচ্ছে। তিনি নাগরিক সেবার মান বৃদ্ধিতে সেবা দাতাদের পাশাপাশি স্টেকহোল্ডারগণ এর ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের বিষয়ে গুরুত্বারোপ করেন।

৩। সভাপতি সভায় উপস্থিত অংশীজনকে (Stakeholder) মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। অংশীজন (Stakeholder) নিম্নোক্ত মতামত প্রদান করেন :

- জনাব উম্মে জান্নাত, প্রতিনিধি, ঢাকা আহসানিয়া মিশন বলেন, মাদকের বিরুদ্ধে জনসচেতনতা তৈরি সংক্রান্ত মাসিক প্রতিবেদন অধিদপ্তরে এসে জমাদান করতে হয়। অধিদপ্তরে না এসে অনলাইনে প্রতিবেদন জমাদানের বিষয়ে বক্তব্য রাখেন। এ বিষয়ে জনাব মোহাম্মদ উপপরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন, ইতোমধ্যে বিলাতীমদের ব্র্যান্ড রেজিস্ট্রেশন ডিজিটাইজেশনের মাধ্যমে কোন স্টেকহোল্ডারকে অফিসে এসে আবেদন না করে সংশ্লিষ্ট লিংকে আবেদন করলে তা দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়ে থাকে। এক্ষেত্রে কোন প্রতিবেদন বা আবেদন অফিসে না এসে অনলাইনে করা যাবে।
- জনাব কাজী আবেদ হোসেন, পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) বলেন, ইতোমধ্যে এ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ গেজেট আকারে প্রকাশিত হয়েছে। বিষয়টি সেবা গ্রহীতাগণকে এবং অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে ওয়ার্কসপের মাধ্যমে অবহিত করা হবে। তিনি এপিএ এর প্রশিক্ষণের বিষয়ে সংশ্লিষ্ট সূচকের

লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ চলমান রাখার উপর গুরুত্বারোপ করেন।

- জনাব মো: মোস্তাক মামুন খান, সিস্টেম এনালিস্ট বলেন অধিদপ্তরের ওয়েবসাইটের তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সিটিজেন চার্টার, উদ্ভাবনী কার্যক্রমসহ প্রতিটি তথ্য/সেবা বক্স নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২সহ সকল আইন ও বিধিমালা ওয়েবসাইটে আপলোড করা আছে। এছাড়া অধিদপ্তরের নিজেস্ব ফেসবুক পেইজ ও ইউটিউব রয়েছে। সেবা গ্রহীতাগণ এর মাধ্যমেও সেবা নিতে কিংবা মতামত তুলে ধরতে পারবেন।
- জনাব মোহাম্মদ মামুন, উপপরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন, অবৈধভাবে ফেন্টানিল বিক্রয়কারীদের বিরুদ্ধে অধিদপ্তরের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ এর সহযোগিতায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনার বিষয়টি চলমান আছে। তিনি জানান সম্প্রতি বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ মিটফোর্ড এলাকায় অভিযান পরিচালনা করেছেন। ফেন্টানিল উদ্ধার হয়নি, তবে অন্য মাদক উদ্ধার করা হয়েছে।
- নীপ কেমিক্যালস্ প্রতিনিধি বলেন, অধিদপ্তর কর্তৃক তারা যে ইমপোর্ট অথরাইজেশন পায় তা অনেক সময় সাপ্লাই সীমিত থাকার কারণে বা প্রাকৃতিক দুর্যোগের কারণে বা দাম বৃদ্ধির কারণে নির্ধারিত সময়ের মধ্যে আমদানী করতে পারেন না। এক্ষেত্রে ইমপোর্ট অথরাইজেশনের সময়সীমা বৃদ্ধির বিষয়ে জনাব মোহাম্মদ মামুন, উপপরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন, যৌক্তিকতা উল্লেখ করে আবেদন করলে সময় বৃদ্ধি করা যাবে। তবে সংশ্লিষ্ট বিধিমালা মোতাবেক অনূন্য ০১ (এক) বার সময় বৃদ্ধির বিষয়টি বিবেচনা করার সুযোগ রয়েছে এবং বার্ষিক কোটা হতে নিয়মমাফিক তা কর্তন হবে।

৪। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.১	স্টেকহোল্ডারগণ কর্মস্থলে ব্যক্তিগতভাবে উপস্থিত না হয়ে সেবা গ্রহণের জন্য ডিজিটাল প্রযুক্তির ব্যবহারে তাদের উদ্বুদ্ধ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সিস্টেম এনালিস্ট
৪.২	**শুদ্ধাচার কর্মকৌশল বিষয়ে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের অবহিতকরণে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান** করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৪.৩	অধিদপ্তরের ওয়েবসাইটের প্রতিটি তথ্য/সেবা বক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সিস্টেম এনালিস্ট
৪.৪	অবৈধভাবে ফেন্টানিল বিক্রয়কারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তরের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা অব্যাহত রাখতে হবে।	পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন/অপারেশন)
৪.৫	প্রিকারসর কেমিক্যাল আমদানীর ক্ষেত্রে ইমপোর্ট অথরাইজেশনের সময় অতিক্রান্ত হয়ে গেলে উপযুক্ত যৌক্তিকতা উল্লেখ করে আবেদন করলে সংশ্লিষ্ট বিধিমালা মোতাবেক অনূন্য ০১ (এক) বার সময় বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এ ক্ষেত্রে স্টেকহোল্ডারগণ নির্ধারিত সময়ের মধ্যেই আমদানীর কার্যক্রম সম্পন্ন করবেন।	পরিচালক (নিরোধ শিক্ষা)

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.১৬.০৩২.১৯.৮১

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: অতিরিক্ত সচিব(মাদক অনুবিভাগ)]।
২) পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও ঢাকা।
৪) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেন্ডারিয়া, ঢাকা ।
৫) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/সিলেট/ বরিশাল/রংপুর/ ময়মনসিংহ/ গোয়েন্দা শাখা, ঢাকা।
৬) চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সংশিস্নষ্ট অফিসসমূহে ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।
৮) উপ-পরিচালক/সহকারী পরিচালক(...................................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয় / জেলা কার্যালয়/মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ---।
৯) সিনিয়র কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/, খুলনা।
১০) সহকারী পরিচালক (অর্থ ও হিসাব/কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), .
১২) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ।

মোহাম্মদ মামুন
উপপরিচালক